গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০১.১৯- ১৫৫১ তারিখ: ০৮/০৯/২০২৬ খ্রি.

অফিস আদেশ

শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা-এর ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মোঃ রজব আলী অবসর উত্তর ছুটি (PRL) তে গমন করায় বিদ্যালয়ের জ্যেষ্ঠতম সিনিয়র শিক্ষক জনাব লাভলী ঘোষ (২০১৬৭০০৬৪৮) গত ১০/০৮/২০২৬ তারিখ প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) এর দায়িত্বভার গ্রহণ করেন। সে প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে তাঁকে দায়িত্বগ্রহণের তারিখ হতে সাময়িকভাবে প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

| | |
|---|---|
| (ক) | এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/জ্যেষ্ঠতম সহকারী প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব) যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে। |
| (খ) | ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো। |
| (গ) | দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোতভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে। |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৮/০৯/২০২৬
(এস এম মোসলেম উদ্দিন)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
ও
সহকারী পরিচালক, মাধ্যমিক-১ (অ.দা.)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০১.১৯- ১৫৫১ তারিখ: ০৮/০৯/২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
০২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ, ঢাকা;
০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
০৪। প্রধান শিক্ষক, শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা;
০৫। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ..................................;
০৬। জনাব .....................................................................;
০৭। সংরক্ষণ নথি।

০৮/০৯/২০২৬
(এস এম মোসলেম উদ্দিন)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
ও
সহকারী পরিচালক, মাধ্যমিক-১ (অ.দা.)